# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 DECEMBER 2025** **7:45—7:55 PM**


---

১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ বরঝারের লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আন্তর্জাতিক বিমানবন্দরের নবনির্মীত টার্মিনেল ভবন উদ্বোধন ।

২। প্রধানমন্ত্রীর আগামীকাল নামরূপ সার কারখানায় নতুন ব্রাউনফিল্ড এমোনিয়া ইউরিয়া প্রকল্পের ভিত্তিপ্রস্থর স্থাপন ।

এবং'

৩। নগাঁও জেলার সাংজুরাইতে আজ ভোররাতে সাইরাং - নতুনদিল্লী রাজধানী এক্সপ্রেসের ধাক্কায় সাতটি বন্য হাতীর মৃত্যু ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দুদিনের আসাম সফরে এসে গৌহাটীর বরঝারের লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমানবন্দরে নবনির্মিত বাঁশ অর্কিড টার্মিনেল ভবনের উদ্বোধন করেন । ৪ হাজার কোটি টাকা ব্যয়ে এই নতুন টার্মিনেল ভবনটি নির্মাণ করা হয়েছে । প্রায় এক লক্ষ ৪০ হাজার বর্গমিটার এলাকায় নির্মাণ করা এই নতুন টার্মিনেলটি বছরে এক কোটি ৩০ লক্ষ যাত্রীকে সেবা প্রদান করতে নির্মাণ করা হয়েছে । বাঁশ ও অর্কিড দিয়ে নির্মাণ করা এই টার্মিনেল ভবন আসামের জৈব বৈচিত্র ও সাংস্কৃতিক ঐতিহ্যকে প্রতিফলিত করেছে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রদত্ত ভাষণে প্রধানমন্ত্রী বলেন যে নতুন বিমান বন্দরের টার্মিনেল ভবন নির্মাণে আসাম সহ উত্তর পূর্বের জন্য নতুন সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে । আসামে সড়ক ও বিমান সেবার পরিকাঠামোর ক্ষেত্রে করা উন্নয়নের ওপরেও তিনি আলোকপাত করেন । আসাম পরিকাঠামোগত উন্নয়ন সহ আইন শৃঙ্খলার ক্ষেত্রে উন্নয়ন সাধন করেছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । ভারতীয় ন্যায় সংহিতা কার্যকর করার ক্ষেত্রে আসাম দেশের মধ্যে শীর্ষ

স্থানে থাকার বিষয়টি নিয়ে তিনি সন্তোষ ব্যাক্ত করেন । আসাম উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে রেকর্ড সৃষ্টি করে অগ্রসর হচ্ছে বলে প্রধানমন্ত্রী মত প্রকাশ করেন ।

বাইট----মোদী

উল্লেখ্য বাঁশ ,কপৌ ফুলের মতো এবং কাজিরাঙ্গার জৈব বৈচিত্রকে প্রতিফলিত করে এই টার্মিনেলটি নির্মাণ করা হয়েছে । অনুষ্ঠানে অংশ নিয়ে কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কিঞ্জারাপু রায়মোহন নাইডু , মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ও কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল প্রধানমন্ত্রীকে গামোছা , লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর প্রতিচ্ছবি এবং নতুন বিমানবন্দরের নকশা খচিত বিশেষ স্মারক দিয়ে সম্বর্ধনা জ্ঞাপন করেন ।

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে আসামবাসীর স্বপ্নকে বাস্তবায়িত করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিকদর্শন করেছেন বলে উল্লেখ করেন ।
এর আগে বরঝার বিমান বন্দরে অবতরণ করার পর প্রধানমন্ত্রীকে আসামের বর্ণাঢ্য সংস্কৃতি প্রদর্শনের মাধ্যমে স্বাগত জানানো হয় । প্রধানমন্ত্রী আজ আসামের প্রথম মূখ্যমন্ত্রী লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর ৮০ ফুট উচ্চতার একটি প্রতিমূর্তি উন্মোচন করেন । এই কার্যসূচীতে রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য উপস্থিত ছিলেন । এরপর তিনি টার্মিনেল ভবনের বাইরে এক জনসভায় অংশগ্রহণ করেন । প্রধানমন্ত্রী সরুসজাই থেকে বশিষ্ঠর গৌহাটীর রাজ্য বিজেপির মূখ্য কার্যালয় পর্যন্ত একটি রোড শোয়ে অংশ গ্রহণের পর গৌহাটীর রাজ্য বিজেপির কার্যালয়েলের কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় করেন ।
শ্রী মোদী আগামীকাল গুয়াহাটীর নৌ পরিবহন টার্মিনেলে চরাইদেও জাহাজে রাজ্যের কয়েকজন মেধাবী শিক্ষার্থীর সঙ্গে পরীক্ষা পে চর্চা অর্থাৎ পরীক্ষা সম্পর্কীত বিষয় নিয়ে আলোচনা করবেন । এরপর তিনি আসাম আন্দোলনের ৮৬০ শহিদদের স্মৃতিতে নির্মীত গুয়াহাটীর পশ্চিম বরাগাঁওয়ের শহিদ স্মারক ক্ষেত্র পরিদর্শন করে পুষ্পার্ঘ্য অর্পণ করবেন । এর পরিপ্রেক্ষিতে আগামীকাল দর্শনার্থীদের জন্য শহিদ স্মারক বন্ধ থাকবে এবং গুয়াহাটী উত্তর গুয়াহাটী সংযোগী তিনটি ঘাটের ফেরিসেবা বন্ধ থাকবে ।

প্রধানমন্ত্রী মোদী আগামীকাল নামরূপ সার কারখানায় নতুন ব্রাউনফিল্ড এমোনিয়া ইউরিয়া প্রকল্পের শিলান্যাস করবেন । এছাড়া তিনি এক জনসভায় ভাষণ দেবেন ।

-----------------------------------------------------------------------------------

ভারত ঘরুয়া অসামরিক বিমান পরিবহনের ক্ষেত্রে বিশ্বের তৃতীয় সর্ববৃহৎ বাজার হিসেবে পরিগণিত হয়েছে । আসামরিক বিমান পরিবহন বিভাগের সচিব সমীর কুমার সিনহা একথা জানিয়ে বলেন যে দেশে বিমানের সংখ্যা ২০১৪ সালে ৩৯৫ এর তুলনায়

২০২৫ সালে ৮৪৪ এ বৃদ্ধি পেয়েছে । অসামরিক বিমান পরিবহন মন্ত্রনালয়ের অধীনে অসামরিক বিমান সঞ্চালকালয় আয়োজিত এক আলোচনাচক্রে অংশগ্রহণ করে তি নি একথা বলেন । তিনি বলেন যে বিগত দশকে দেশে যাত্রীর সংখ্যা বছরে ৯ শতাংশ হারে এবং বিমান যোগে সরবরাহ করা সামগ্রীর পরিমান ২ দশমিক ৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে ।

-----------------------------------------------------------------------------------

নগাঁও জেলার কামপুর - যমুনামুখের মধ্যে সাংজুরাই রেলপথে আজ ভোর রাতে সাইরাং - নতুনদিল্লী রাজধানী এক্সপ্রেসের ধাক্কায় সাতটি বন্য হাতীর মৃত্যু হয়েছে এবং একটি হাতী আহত হয়েছে । এই দূর্ঘটনায় ট্রেনটির ইঞ্জিন সহ ৫ টি কোচ লাইনচ্যুত হয়েছে । তবে দূর্ঘটনায় কোন লোক হতাহত হয়নি বলে রেল বিভাগ সূত্রে জানানো হয়েছে । আকাশবাণীর নগাঁও সংবাদদাতা জানিয়েছেন যে ভোর রাতে বন্য হাতীর একটি দল রেল লাইন অতিক্রম করার সময় এই দূর্ঘটনা সংঘঠিত হয় । নগাঁও সংমন্ডলের বন আধিকারীক সুভাষ কদম জানান যে ঘন কুয়াঁসার জন্য এই দূর্ঘটনা সংঘঠিত হয় । সাতটি হাতীর মধ্যে একটি গর্ভবতী হাতী সহ পাঁচটি স্ত্রী হাতী এবং দুটি দাঁতাল হাতী ছিল ।ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে রেল বিভাগ এবং বন বিভাগের আধিকারীক কর্মচারীরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি খতিয়ে দেখেন এবং তৎপরতার সঙ্গে কাজ করে রেলপথ পুনরায় রেল চলাচলের জন্য উপযুক্ত করে তুলেন ।হোজাই জেলার আয়ুক্ত বিদ্যুৎ বিকাশ ভাগবতী ঘটনাস্থল পরিদর্শন করেন এবং এধরণের ঘটনার যাতে পুনরাবৃত্তি নাহয় তারজন্য বনবিভাগ এবং রেল কর্তৃপক্ষকে আলোচনা করে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানান ।

-----------------------------------------------------------------------------------

শিলচর নগরীর সুশৃঙ্খল বানিজ্যিক পরিবেশ ও আইন অনুযায়ি নগর পরিচালনা সুনিশ্চিত করতে শিলচর পৌরনিগম থেকে এক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে । বিজ্ঞপতিতে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে যে যেসব প্রতিষ্ঠান এখনো শিলচর পৌরনিগম থেকে নতুন ট্রেড লাইসেন্স গ্রহণ করেনি তাদেরকে আগামী ২৪ শে ডিসেম্বরের মধ্যে বাধ্যতামূলকভাবে লাইসেন্সের জন্য আবেদন করতে হবে ।এছাড়া যেসব বানিজ্যিকম প্রতিষ্ঠান , শিক্ষা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সের মেয়াদ শেষ হয়েছে তাদেরকেও নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স পুনরনবীকরণ করার নির্দেশ দেওয়া হয়েছে ।নির্ধারিত সময়সীমার মধ্যে লাইসেন্স গ্রহণ বা নবীকরণ না করা হলে পৌরনিগমের নিয়ম ও ধারার আওতায় কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় সুশাসন সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে আজ জেলার ১৫ টি গাঁওপঞ্চায়েতে ‘জনগণের দুয়ারে সরকার ’ শীর্ষক সভা অনুষ্ঠিত হয়েছে । সভাগুলোতে সরকারি সব বিভাগগুলোর কর্মকর্তারা উপস্থিত থেকে জনসাধারণ কোন বিভাগ থেকে কোন পরিষেবা পাচ্ছেন তা তুলে ধরা হয় এবং জনসাধারণের সমস্যা সমাধানে পদক্ষেপ গ্রহণ করা হয় । আগামীকালও জেলার বেশ কয়েকটি গাঁওপঞ্চায়েতে অনুরূপ সভা অনুষ্ঠিত হবে ।

-----------------------------------------------------------------------------------

পূর্ত বিভাগের  শিলচর উধারবন্দ টেরিটরিয়াল রোড ডিভিশনের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জমা জলে ক্ষতিগ্রস্ত রাস্তার সংস্কারের জন্য সি আর এভিনিউ পয়েন্ট ( জাতীয় মহাসড়ক পয়েন্ট ) থেকে শিলচর মেডিকেল কলেজ রোডের প্রথম লিঙ্করোড পয়েন্ট সড়ক আজ থেকে আগামী ২৮ শে ডিসেম্বর রাত ১০ টা থেকে সকাল ৬ টা পর্যন্ত ১০ দিনের জন্য বন্ধ থাকবে । সংস্কারের কাজ চলাকালীন অন্য লেন দিয়ে যাতায়াত অব্যাহত থাকবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি রেভিনিউ সার্কেলে অফলাইনে খাজনা জমা দেওয়া বন্ধ করা হয়েছে । তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে ই-খাজনা পোর্টেলে খাজনা জমা দেওয়া শুরু হয়েছে । ওই রেভিনিউ সার্কেলের জমির পাট্টাদারদেরকে তাদের খাজনা ই-খাজনা পোর্টেলে জমা দিতে তিনি অনুরোধ জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

রেল বিভাগের অবসরপ্রাপ্ত কর্মী তথা শিলচরের বিশিষ্ট সাংস্কৃতিক ব্যাক্তিত্ব দিলীপ সেনগুপ্ত আজ বিকেলে বার্ধক্যজনিত কারণে শিলচর মেডিকেল কলেজ হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিলো ৮৩ । বিশিষ্ট সঙ্গীত শিল্পী রাজু সেনগুপ্ত প্রয়াতের কনিষ্ঠ পুত্র ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলা ক্রীড়া বিভাগের সহযোগীতায় আজ থেকে মুখ্যমন্ত্রী টি ট্রাইবস ও আদিবাসী অনুর্ধ-১৭ জেলা পর্য্যায়ের ফুটবল প্রতিযোগীতা শুরু হয়েছে ।  জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী আজ শ্রীভূমি জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠে এই প্রতিযোগীতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন । এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পরিষদের সহ-সভানেত্রী সাথী রায়কুরি , জেলা ক্রীড়া আধিকারিক ঝিমলি বরা , জেলা ক্রীড়া সংস্থার সভাপতি অমলেশ চৌধুরী প্রমূখ ।

-----------------------------------------------------------------------------